ফাতওয়া নাম্বার: ৬১৬ প্রকাশকালঃ২৪-১২-২০২৫ ইং

হিন্দুদেরকে কি নমস্কার দেওয়া যাবে?

প্রশ্ন:

হিন্দুদেরকে কি নমস্কার দেওয়া যাবে? এ ব্যাপারে শরীয়তের বিধান কী?

মুহাম্মাদ রবিউল ইসলাম

উত্তর:

না, হিন্দুদেরকে নমস্কার দেওয়া যাবে না। সালামও দেওয়া যাবে না। তারা সালাম দিলে উত্তরে শুধু বলবে ‘ওয়া আলাইকুম’ । -বাদায়েউস সানায়ে: ৫/১২৮ (ইলমিয়্যাহ); ফাতহুল কাদীর: ৬/৬১ (দারুল ফিকর); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ২/২৫০ (দারুল ফিকর); রদ্দুল মুহতার: ৬/৪১২, ৪১৩ (দারুল ফিকর)

হাদীসে এসেছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَبْدَءُوا الْيَهُودَ وَلَا النَّصَارَى بِالسَّلَامِ، فَإِذَا لَقِيتُمْ أَحَدَهُمْ فِي طَرِيقٍ، فَاضْطَرُّوهُ إِلَى أَضْيَقِهِ» – صحيح مسلم (2167)

“আবু হুরায়রা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা ইহুদী ও নাসাদেরকে আগে সালাম দিও না। যখন পথে তাদের

কারো মুখোমুখী হবে, তাকে পথের সংকীর্ণ অংশে চলতে বাধ্য করবে।" –সহীহ মুসলিম: ২১৬৭

সহীহ মুসলিমের অপর এক হাদীসে এসেছে,

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا سَلَّمَ عَلَيْكُمْ أَهْلُ الْكِتَابِ فَقُولُوا وَعَلَيْكُمْ» –صحيح مسلم: (2163)

"আনাস বিন মালিক রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, যখন আহলে কিতাব (তথা ইহুদী ও খ্রিস্টানরা) তোমাদেরকে সালাম দিবে, তোমরা জবাবে শুধু 'ওয়াআলাইকুম' বলবে।" –সহীহ মুসলিম: ২১৬৩

অবশ্য কেউ সালাম দিতে চাইলে এভাবে দিতে পারে– السلام على من اتبع الهدى (আসসালামু আলা মান ইত্তাবায়াল হুদা–শান্তি বর্ষিত হোক, ওই ব্যক্তির উপর, যে হেদায়াতের অনুসরণ করে)। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাহ যখন কোনো কাফেরকে পত্র দিতেন, তখন পত্রের শুরুতে তিনি এভাবে সালাম দিতেন। –আল-মুহীতুল বুরহানী: ৫/৩২৭ (ইলমিয়্যাহ); আল-ফাতাওয়াল হিন্দিয়া: ২/২৫০ (দারুল ফিকর); রদ্দুল মুহতার: ৬/৪১২ (দারুল ফিকর)

সহীহ বুখারীতে এসেছে,

عَنْ ابْنِ عَبَّاسٍ، أَنَّ أَبَا سُفْيَانَ بْنَ حَرْبٍ، أَخْبَرَهُ: أَنَّ هِرَقْلَ أَرْسَلَ إِلَيْهِ فِي نَفَرٍ مِنْ قُرَيْشٍ، وَكَانُوا تِجَارًا بِالشَّأْمِ، فَأَتَوْهُ — فَذَكَرَ الحَدِيثَ — قَالَ: ثُمَّ دَعَا بِكِتَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُرِئَ، فَإِذَا فِيهِ: «بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ، مِنْ مُحَمَّدٍ عَبْدِ اللَّهِ وَرَسُولِهِ، إِلَى هِرَقْلَ عَظِيمِ الرُّومِ، السَّلاَمُ عَلَى مَنِ اتَّبَعَ الهُدَى، أَمَّا بَعْدُ»

“ ‘ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, আবু সুফিয়ান ইবনে হারব রাযিয়াল্লাহু আনহু তাঁকে বলেছেন, হিরাক্লিয়াস তাঁকে ও কুরাইশী একদলকে ডেকে আনতে লোক পাঠিয়েছিলেন। তারা তখন ব্যবসার উদ্দেশ্যে শামে অবস্থান করছিলেন। তারা তার নিকট আসলেন। এরপর তিনি পূর্ণ হাদীস বর্ণনা করেন। তিনি বলেন, তারপর হিরাক্লিয়াস রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পত্রটি আনালেন। সেটি পাঠ করা হলে। এতে ছিল, বিসমিল্লাহির রাহমানির রাহীম। আল্লাহর বান্দা ও তাঁর রাসূল মুহাম্মাদের পক্ষ থেকে রোম প্রধান হিরাক্লিয়াস বরাবর! السلام على من اتبع الهدى (শান্তি বর্ষিত হোক ওই ব্যক্তির উপর, যে হেদায়াতের অনুসরণ করে)। আম্মাবাদ···।” –সহীহ বুখারী: ৬২৬০

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৩-০৭-১৪৪৭ হি.

২৪-১২-২০২৫ ঈ.